২৩. দিন বা মাসের নামের আগে The বসে না।
যেমনঃ Friday is holiday to every muslims.

২৪. পোশাকের নামের আগে The বসে না।
যেমনঃ Do you want to take shirt?

২৫. যানবাহনের নামের আগে The হবে না।
যেমনঃ By bus, By train কিন্তু By the bus, By the train হবে না।

২৬. রাস্তা বা পার্কের নামের আগে The বসে না।
যেমনঃ Go to Ramna park.
We are at Kazi Nazrul Islam road.

২৭. Plural Noun এর আগে a/an বসে না।
যেমনঃ Umbrellas, Books ইত্যাদি।

২৮. খাবারের নামের আগে a/an বসে না।
যেমনঃ You have dinner at 9 pm.
কিন্তু খাবারের নামের আগে যদি কোন গুনবাচক (Adjective) শব্দ বসে, সেক্ষেত্রে a/an বসতে পারে।
যেমনঃ He had a good breakfast.

২৯. Uncountable [Oil, tea, paper, water, milk, information, advice etc.] হিসেবে গণ্য শব্দের আগে a/an বসে না।
যেমনঃ Razon gave me water.

Lesson: 117

Topic: Degree.

Degree হলো Adjective এর রুপভেদ। অর্থাৎ Adjective ও Adverb এর রূপের পরিবর্তনের যে প্রক্রিয়া তাই Degree.

Degree মূলত ৩ প্রকার। যেমনঃ

01. Positive
02. Comparative
03. Superlative

নিচে এদের সংক্ষিপ্ত পরিচয় প্রদান করা হলো।

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

Positive degree:

যে Word কোন Sentence এ Noun বা Pronoun এর দোষ, গুণ, অবস্থা ইত্যাদি বোঝায়, তাকে Positive Degree বলে। যেমনঃ

She is a talented girl.

Comparative degree:

কোন Sentence এ সাধারণত ২টি Noun বা Pronoun এর দোষ, গুণ, অবস্থা ইত্যাদির তুলনা করতে Comparative Degree ব্যবহৃত হয়। যেমনঃ

Rivu is smaller than me.

Superlative degree:

Adjective এর যে রূপটি অনেকের মধ্যে তুলনা বোঝাতে ব্যবহৃত হয় সেটিকে Superlative degree বলে। যেমনঃ

She was the best girl in our class.

Degree চেনার উপায়ঃ

✓ No other (singular verb), very few (plural verb), as.....as (positive অর্থে), So.....as (negative অর্থে), Adjective এর মূল form থাকলে সেটি Positive degree. যেমনঃ

No other girl is as tall as Anika.

✓ Than, any other, all other এবং Adjective এর শেষে Adjective এর Comparative form [more, er] ইত্যাদি থাকবে। যেমনঃ

His writing is better than me.

✓ The, One of the, Adjective এর Superlative form এর রূপ থাকবে যেমনঃ most, est ইত্যাদি।

Theoretical discussion is one of the most important parts of our class

She has one of the biggest heart for the poor people.

Degree সম্পর্কিত কিছু অত্যাবশ্যকীয় নিয়মঃ

০১. যে সকল Adjective এর শেষে এক বা একাধিক Consonant থাকে বা তার আগে ২টি Vowel থাকে, তাদের শেষে er যোগ করে Comparative এবং est যোগ করে Superlative গঠন করতে হয়। যেমনঃ

Positive	Comparative	Superlative
Deep	Deeper	Deepest
Hard	Harder	Hardest
Light	Lighter	Lightest
Rich	Richer	Richest
Bright	Brighter	Brightest
Cold	Colder	Coldest
Strong	Stronger	Strongest
Poor	Poorer	Poorest
Tall	Taller	Tallest
Low	Lower	Lowest

Positive: It is as deep as ocean.
Comparative: It is deeper than that.
Superlative: It is the deepest in all.

০২. যে সকল Adjective এর শেষে একটি Vowel বা Consonant থাকে, তাদের শেষের বর্ণটি দ্বিত্ব হবে এবং তার সাথে er যোগ করে Comparative এবং est যোগ করে Superlative গঠন করতে হয়। যেমনঃ

Positive	Comparative	Superlative
Hot	Hotter	Hottest
Top	Topper	Toppest
Thin	Thinner	Thinnest
Fat	Fatter	Fattest
Big	Bigger	Biggest
Red	Redder	Reddest

Positive: The weather is hot today.
Comparative: Today's weather is hotter than yesterday.
Superlative: Today is the hottest day in a week.

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

০৩. যে সকল Positive degree এর শেষে 'e' থাকে, তবে তার শেষে 'r' যোগ করে Comparative এবং st যোগ করে Superlative গঠন করতে হয়। যেমনঃ

Positive	Comparative	Superlative
Noble	Nobler	Noblest
Fine	Finer	Finest
Large	Larger	Largest
True	Truer	Truest
Brave	Braver	Bravest
Wise	Wiser	Wisest

Positive: He is fine today.
Comparative: The book is larger than the bag.
Superlative: It's the largest book in the library.

০৪. যে সকল Positive degree এর শেষে 'y' থাকে এবং তার পূর্বে যদি Consonant থাকে তাহলে 'y' এর পরিবর্তে 'i' বসাতে হবে এবং তার সাথে 'er' যোগ করে Comparative এবং est যোগ করে Superlative গঠন করতে হয়। যেমনঃ

Positive	Comparative	Superlative
Merry	Merrier	Merriest
Crazy	Crazier	Craziest
Happy	Happier	Happiest
Lazy	Lazier	Laziest
Busy	Busier	Busiest
Pretty	Prettier	Prettiest

Positive: She is happy.
Comparative: He is lazier than Rafi.
Superlative: I am the happiest person in the world.

০৫. যে সকল Positive degree এর শেষে 'y' থাকে এবং তার পূর্বে যদি Vowel থাকে তবে তার সাথে 'er' যোগ করে Comparative এবং st যোগ করে Superlative গঠন করতে হয়। যেমনঃ

Positive	Comparative	Superlative
Grey	Greyer	Greyest
Angry	Angrier	Angriest

Positive: This is grey.
Comparative: This shirt is greyer than that.
Superlative: This is the greyest shirt in the shop.

০৬. এমন কিছু Adverb রয়েছে যেগুলো দিয়ে তুলনা বোঝালে, সেগুলো Adjective এর অর্থ প্রদান করে।

Positive	Comparative	Superlative
Far	Farther/further	Farthest/further most
In	Inner	Innermost/inmost
Out	Outer	outer most/outmost
Up	Upper	Uppermost

Positive: His house is far from here.
Comparative: His house is futher than my house.
Superlative: Her house is the furthermost than other houses.

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

০৭. এমন কিছু Irregular Adjective আছে যেগুলোর Comparative ও Superlative এ পরিবর্তন করার কোন নির্দিষ্ট নিয়ম কানুন নেই। যেমনঃ

Positive	Comparative	Superlative
Many/much	More	Most
Late	Later/Latter	Latest/last
Good	Better	Best
Old	Older	Oldest
Bad/evil/ill	worse	worst

Positive: There are many toys in the shop.

Comparative: His book is better than hers.

Superlative: She is the best girl in the class.

০৮. দুই বা তার বেশি Syllable সংযুক্ত Adjective এর আগে 'more' অথবা 'less' যোগ করে Comparative এবং 'most' অথবা 'least' যোগ করে Superlative গঠন করতে হয়। যেমনঃ

Positive	Comparative	Superlative
Important	More/less important	Most/least important
Honest	More/less honest	Most/least honest
Careful	More/less careful	Most/least careful
Beautiful	More/less beautiful	Most/least beautiful
Dangerous	More/less dangerous	Most/least dangerous

Positive: It's important.

Comparative: The book is more/less important than Biology.

Superlative: This book is the most/least important for all the students.

Lesson: 118

Topic: Framing Of Question (প্রশ্নের কাঠামোগত গঠন)

সুনির্দিষ্ট কাঠামো অনুকরণ করে প্রশ্ন গঠন করার পদ্ধতিকেই বলা হয় Framing of Question.

01. Is he a student? (সে কি একজন ছাত্র?) এটি Yes/No Question.
02. Where does he study? (সে কোথায় পড়াশোনা করে?)
এটি Wh Question.

এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত প্রশ্ন দুটোর মধ্যে প্রথমটিকে Yes/No বলা হয়েছে কেননা, এ প্রশ্নের উত্তরে হ্যাঁ/না দিয়েই উত্তর দেয়া সম্ভব।
কিন্তু দ্বিতীয় প্রশ্নের উত্তরে হ্যাঁ/না দিয়ে উত্তর দেওয়া সম্ভব না কেননা, এটি হলো WH Question কাজেই এই প্রশ্নের উত্তরে অবশ্যই নির্দিষ্ট কোন তথ্য চাওয়া হচ্ছে।
যেমনঃ Is he a student? (সে কি একজন ছাত্র?)
Ans: Yes/No.
কিন্তু Where does he study? (সে কোথায় পড়াশোনা করে?)
Ans: He studies in a school. (সে বিদ্যালয়ে পড়াশোনা করে)

Question এর কিছু বৈশিষ্ট্য:

প্রশ্নের বৈশিষ্ট্য ও উত্তরের ধরণের প্রেক্ষিতে প্রশ্ন দু-প্রকার।
যেমন:- (a) Yes/No Question.
(b) WH Question.

- WH Question এর উত্তর দেয়ার জন্যে নির্দিষ্ট তথ্য উল্লেখ করতে হয়।
- WH Question এর শুরুতে Who, Where, Why, When, How ইত্যাদি WH word থাকে এবং শেষে Sign of Question (?) থাকে।
- Yes/No Question এ প্রথমে Auxiliary Verb এবং শেষে Sign of Question থাকে।
- Yes/No Question এর উত্তর Yes/No দ্বারা সমাপ্ত করা যায়।

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

(a) Yes/No Question.

✓ **Be verb** [am, is, are, was, were] দিয়ে প্রশ্ন ও উত্তর তৈরি। যেমন:

1. **Structure: Auxiliary verb+ subject+ extension?**

Question	Answer
Is he student? (সে কি একজন ছাত্র?)	Yes/No. হ্যাঁ/না
Are they late? (তারা কি দেরি করে?)	Yes/No. হ্যাঁ/না
Was she a driver? (সে কি একজন চালক ছিল?)	Yes/No. হ্যাঁ/না
Is Mina a teacher? (মিনা কি একজন শিক্ষক?)	Yes/No. হ্যাঁ/না
Were they doctors? (তারা কি চিকিৎসক ছিলেন?)	Yes/No. হ্যাঁ/না

2. **Structure: Auxiliary verb + subject + main verb + ing + extension?**

Question	Answer
Am I doing this? (আমি কি এটা করছি?)	Yes/No. হ্যাঁ/না
Is he going to school? (সে কি বিদ্যালয়ে যাচ্ছে?)	Yes/No. হ্যাঁ/না
Are they trying to learn English? (তারা কি ইংরেজি শিখতে চেষ্টা করছে?)	Yes/No. হ্যাঁ/না
Was Azmi reading the book? (আজমী কি বইটি পড়ছিল?)	Yes/No. হ্যাঁ/না
Were you sleeping yesterday? (তুমি কি গতকাল ঘুমাচ্ছিলে?)	Yes/No. হ্যাঁ/না

✓ **Have verb** [have, has, had] দিয়ে প্রশ্ন ও উত্তর তৈরি।
যেমন:

1. **Structure: Auxiliary verb+ subject+ extension?**

Question	Answer
Have you a pen? (তোমার কি একটি কলম আছে?)	Yes/No. হ্যাঁ/না
Had he a house? (তার কি একটি বাড়ি ছিল?)	Yes/No. হ্যাঁ/না
Has Abdullah a bag? (আব্দুল্লাহর কি একটি ব্যাগ আছে?)	Yes/No. হ্যাঁ/না

2. **Structure: Auxiliary verb+ subject+ v3+ extension?**

Question	Answer
Have you driven a car? (তুমি কি একটি গাড়ি চালিয়েছ?)	Yes/No. হ্যাঁ/না
Had he played a ball? (সে কি একটি বল খেলেছিল?)	Yes/No. হ্যাঁ/না
Has Abdullah read (v3) a book? (আব্দুল্লাহ কি একটি বই পড়েছে?)	Yes/No. হ্যাঁ/না

✓ **Modal auxiliary** [Can, could, may, might, must, will, would, should] দিয়ে প্রশ্ন ও উত্তর তৈরি।
যেমন:

Structure: Modal auxiliary verb+ subject+ v1+ extension?

Question	Answer
Can we go home now? (আমরা কি এখন বাড়ি যেতে পারি?)	Yes/No. হ্যাঁ/না
Should Mina accept this offer? (মিনার কি এই অফারটি গ্রহণ করা উচিত?)	Yes/No. হ্যাঁ/না
May they open the door? (তারা কি দরজাটি খুলবে?)	Yes/No. হ্যাঁ/না
Should he take risk? (তার কি ঝুঁকি নেওয়া উচিত?)	Yes/No. হ্যাঁ/না
Will you be alone? (তুমি কি একা হবে?)	Yes/No. হ্যাঁ/না

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

Would you mind taking this parcel? (তুমি কি এই পার্সেলটি নিতে কিছু মনে করবে?)	Yes/No. হ্যাঁ/না

✓ **Do verb** [Do, does, did] দিয়ে প্রশ্ন ও উত্তর তৈরি।
যেমন:

1. **Structure: Do verb+ subject+ verb(v1)+ extension?**

Question	Answer
Does she make noodles? (সে কি নুডলস তৈরি করে?)	Yes/No. হ্যাঁ/না
Did he open the door? (সে কি দরজাটি খুলেছিল?)	Yes/No. হ্যাঁ/না
Do you know the place? (তুমি কি জায়গাটি চিনো?)	Yes/No. হ্যাঁ/না

2. **Structure: Auxiliary verb+ subject+ verb(v1)+ing+ extension?**

Question	Answer
Is Ratul playing? (রাতুল কি খেলাধুলা করছে?)	Yes/No. হ্যাঁ/না
Were we speaking? (আমরা কি কথা বলছিলাম?)	Yes/No. হ্যাঁ/না
Was he planning? (সে কি পরিকল্পনা করছিল?)	Yes/No. হ্যাঁ/না
Are they working? (তারা কি কাজ করছে?)	Yes/No. হ্যাঁ/না

(b) WH Question

Who = কে বা কারা?

Structure: Who+ verb+ extension?

1. Who is a driver here? (এখানে কে একজন ড্রাইভার?)
   Ans: Latif Miah is a driver. (লতিফ মিয়া একজন ড্রাইভার)
2. Who was a student there? (সেখানে কে শিক্ষার্থী ছিল?)
   Ans: Kamrul Hasan was a student there.
   (কামরুল হাসান সেখানে একজন শিক্ষার্থী ছিলেন)

3. Who can play ball? (কে বল খেলতে পারে?)
   Ans: Noman can play ball. (নোমান বল খেলতে পারে)
4. Who were players in the field? (কারা মাঠে খেলোয়াড় ছিলেন?)
   Ans: Players were from Abahoni Limited.
   (মাঠে আবাহনী লিমিটেডের খেলোয়াড়রা ছিলেন)

Whom = কাকে/কাদেরকে?

Structure: Whom+auxiliary verb+subject+ main verb+ extension?

1. Whom do you want to take for picnic? (কাকে তুমি পিকনিকের জন্য নিতে চাও?)
   Ans: I want to take my son for picnic. (আমি আমার পুত্রকে পিকনিকের জন্য নিতে চাই)
2. Whom have they invited to the marriage ceremony? (কাদেরকে তারা বিবাহতে নিমন্ত্রণ জানিয়েছে?)
   Ans: They have invited all of us. (তারা আমাদের সবাইকে নিমন্ত্রণ জানিয়েছে)
3. Whom did he offer? (কাকে সে প্রস্তাব দিয়েছিল?)
   Ans: He offered his teachers to go for travelling to Cox's Bazar.
   (সে তার শিক্ষকদের কক্সবাজারে ভ্রমণে যেতে প্রস্তাব করেছিল)

What = কি?

Structure: What+ main verb+ extension?

1. What happened there? (সেখানে কী হলো?)
   Ans: He broke the glass. (সে গ্লাসটি ভেঙ্গেছিল)
2. What goes over the head? (মাথার উপর দিয়ে কী যায়?)
   Ans: The helicopter goes over the head. (মাথার উপর দিয়ে উড়োজাহাজটি যায়)

Structure: What+ auxiliary verb + subject+ main verb+ extension?

1. What do you do? (তুমি কি করো?)
   Ans: I am a student. (আমি একজন শিক্ষার্থী)

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

2. What did Rozina do? (রোজিনা কী করেছিল?)
   Ans: Rozina finished the work. (রোজিনা কাজটি শেষ করেছিল)
3. What is your mother's name? (তোমার মায়ের নাম কি?)
   Ans: My mother's name is Rubina Zaman.
   (আমার মায়ের নাম রুবিনা জামান)

Structure: What+ noun + auxiliary verb+ subject+ main verb+ extension?

1. What computer had he sold? (সে কি কম্পিউটার বিক্রি করিয়াছিল?)
   Ans: He had sold Samsung laptop. (সে Samsung ল্যাপটপ বিক্রি করিয়াছিল)
2. What watch has he stolen? (সে কী ঘড়ি চুরি করেছে?)
   Ans: He has stolen wrist watch. (সে হাত ঘড়ি চুরি করেছে)

Where = কোথায়?

Structure: Where+ auxiliary verb+ subject+ main verb+ extension?

1. Where has he done the work? (সে কোথায় কাজটি করেছে?)
   Ans: He has done the work at his office. (সে অফিসে তার কাজটি করেছে)
2. Where had they lived? (তারা কোথায় বসবাস করিয়াছিল?)
   Ans: They had lived at Mipur in Dhaka. (তারা ঢাকা মিরপুরে বসবাস করিয়াছিল)

When = কখন?

Structure: When+ auxiliary verb+ subject+ main verb+ extension?

1. When is he reading? (সে কখন পড়ছে?)
   Ans: He is reading in the evening. (সে সন্ধ্যায় পড়ছে)
2. When did the freedom fighters fight?
   (মুক্তিযোদ্ধারা কখন যুদ্ধ করেছিল?)
   Ans: The freedom fighters fought against Pakistan in 1971.
   (মুক্তিযোদ্ধারা পাকিস্তানের বিরুদ্ধে ১৯৭১ সালে যুদ্ধ করেছিল)

Why = কেন?

Structure: Why+ auxiliary verb+ subject+ main verb+ extension?

1. Why did he do the work? (সে কেন কাজটি করেছিল?)
   Ans: He worked for livelihood.
   (সে জীবিকার জন্য কাজটি করেছিল)
2. Why have we passed? (আমরা কেন কৃতকার্য হয়েছি?)
   Ans: We have passed for our dignity.
   (আমরা আমাদের মর্যাদার জন্য কৃতকার্য হয়েছি)

How = কিভাবে/কেমন করে?

Structure: How + auxiliary verb+ subject+ main verb+ extension?

1. How will you be happy? (তুমি কিভাবে সুখি হবে?)
   Ans: I will be happy by satisfaction. (আমি সন্তুষ্টির মাধ্যমে সুখি হবো)
2. How have you been there? (তুমি সেখানে কিভাবে গিয়েছো?)
   Ans: I have been there by bus. (আমি সেখানে বাসে গিয়েছি)

How many = কতগুলো/কয়টি (সংখ্যা)?

Structure: How many+ plural noun + auxiliary verb+ subject+ main verb+ extension?

1. How many mobiles do you have? (তোমার কয়টি মোবাইল আছে?)
   Ans: I have 2 mobiles. (আমার দুটি মোবাইল আছে)
2. How many classes did you finish?
   (তুমি কতটি ক্লাস শেষ করেছিলে?)
   Ans: I finished 5 classes. (আমি পাঁচটি ক্লাস শেষ করেছিলাম)

How much = কতটুকু/কি পরিমাণ?

Structure: How much + auxiliary verb+ subject+ main verb+ extension?

1. How much do you love me? (তুমি আমাকে কতটুকু ভালোবাস?)
   Ans: I love you very much. (আমি তোমাকে খুব বেশি ভালোবাসি)

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

2. How much will you give me? (তুমি আমাকে কতটুকু দিবে?)
Ans: I will give you 2 K.G. (আমি তোমাকে ২ কেজি দিব)

Structure: How much +uncountable noun+ auxiliary verb+ subject+ main verb+ extension?

1. How much water will you give me? (কতটুকু পানি তুমি আমাকে দিবে?)
Ans: I will give you 2 bottles of water. (আমি তোমাকে দুই বোতল পানি দিব)
2. How much affection do you have?
(তোমার কতটুকু মায়া/অনুরাগ আছে?)
Ans: I have much affection on you.
(আমার তোমার প্রতি অনেক অনুরাগ আছে)

How long = কতক্ষণ?

Structure: How long+ auxiliary verb+ subject+ main verb+ extension?

1. How long is Raju speaking? (রাজু কতক্ষণ কথা বলছে?)
Ans: Raju is speaking about an hour. (রাজু প্রায় এক ঘন্টা কথা বলছে)
2. How long were we jogging? (আমরা কতক্ষণ জগিং করছিলাম?)
Ans: We were jogging about one and half ,an hour.
(আমরা প্রায় দেড় ঘন্টা জগিং করছিলাম)

What type of/ What kind of = কোন প্রকারের/কী ধরণের?

Structure: What type of/ What kind of/ What sort of+ noun +verb+ subject+ extension?

1. What type of people are they? (তারা কোন ধরণের মানুষ?)
Ans: They are Muslim. (তারা মুসলিম)
2. What kind of shirts are these? (এগুলো কোন প্রকারের জামা?)
Ans: These are cotton based shirts.
(এগুলো কটনের তৈরি জামা)
3. What sort of mangoes are those? (ঐগুলো কোন ধরণের আম?)
Ans: Those are green mangoes. (ঐগুলো কাঁচা আম)

Structure: What type of/ What kind of/ What sort of+ noun +auxiliary verb+ subject+ main verb+ extension?

1. What type of books do you want?
(কোন প্রকারের বই তুমি চাও?)
Ans: I want novel. (আমি উপন্যাস চাই)
2. What kind of pianos can you play?
(কোন ধরণের পিয়ানো তুমি বাজাতে পারো?)
Ans: I can play American pianos.
(আমি আমেরিকান পিয়ানো বাজাতে পারি)
3. What sort of business did he start?
(সে কোন ধরণের ব্যবসা শুরু করেছিল?)
Ans: He started online based book sell center.
(সে অনলাইন ভিত্তিক ব্যবসা শুরু করেছিল)

বিঃদ্রঃ নানারকম প্রশ্ন তৈরিতে উপরিউক্ত **Structure** গুলো খুবই উপকারী হিসেবে কাজ করবে। কাজেই বুঝে বুঝে চর্চার মাধ্যমে মনে রাখার চেষ্টা করুন এবং প্রতিটি স্ট্রাকচার দিয়ে ১০টি করে প্রশ্ন ও উত্তর তৈরি করুন। আপনার বন্ধুর সাথে চেষ্টা করুন।

Lesson: 119

Topic: Embedded Question.

কোন Principal clause এর সাথে Subordinate clause যুক্ত হয়ে পরোক্ষভাবে প্রশ্নবোধক বাক্য তৈরি করা কিংবা কোন Subordinate clause এর আগে Interrogative sentence যুক্ত হয়ে প্রশ্নবোধক বাক্য গঠন করলে তাকে Embedded Question বলা হয়।

যেমন: (উদাহরণ থেকে বোঝা যাক).....

01. He knew who he was?
02. Did you know what the name of our grandpa is?

উপরোল্লিখিত, দুটো প্রশ্নের গঠন দু-ভাবে হয়েছে। প্রথমটি (He knew who he was?) মূলত প্রথম অংশ (He knew) Principle clause এর সাথে দ্বিতীয় অংশ (Who he was) Subordinate clause যুক্ত হয়ে একটি Embedded Question হয়েছে।

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

এবার দ্বিতীয়টি দেখা যাক,

এখানে (Did you know what the name of our grandpa is?) এটির প্রথম অংশ (Did you know) Interrogative Sentence এবং দ্বিতীয় অংশ (What the name of our grandpa is) Subordinate clause যুক্ত হয়ে আরেকটি Embedded Question হয়েছে।

Embedded Question এর মৌলিক কিছু বৈশিষ্ট্যঃ

- Embedded Question এর দুটো অংশ থাকে। যেমনঃ প্রথম অংশে Principal clause / Interrogative clause এবং দ্বিতীয় অংশে Subordinate clause থাকে।
- Principal clause টি Interrogative sentence হলে Embedded Question এর পরে Sign of Question (?) হবে।
- Principal clause টি Assertive sentence হলে Embedded Question এর পরে Full stop (.) হবে।
- Embedded Question এর দুটি clause ভিন্ন ভিন্ন অথবা, একই Tense দিয়ে গঠিত হতে পারে।
- Embedded Question টি Assertive Sentence হবে নাকি Interrogative Sentence হবে, তা নির্ভর করবে Principal clause এর উপর।
- Embedded Question এ Clause Marker হিসেবে Who, Whom, Why, When, What, How, Whose, If, Whose+ noun, What+ noun, How many, How often, How long, How much ব্যবহৃত হয়।

এক নজরে Embedded question এর উদাহরণঃ–

Introductory Questions	Common Questions	Embedded Example
Do you know	When does the meeting start?	Do you know when the meeting starts?
Who knows	What is the answer?	Who knows what the answer is?
Do you think	Can he come tonight?	Do you think he can come tonight?

Could you tell me	Where is the restaurant?	Could you tell me where the restaurant is?
Would you mind telling me	What time is it?	Would you mind telling me what time it is?

Lesson: 120

Topic: Voice Change

Voice অর্থ হলো বাচ্য। এক কথায় বলতে গেলে, ক্রিয়া তথা কাজ প্রকাশের যে ভঙ্গি তাকে Voice বা বাচ্য বলে।

Voice দু প্রকার। যেমনঃ

1. Active Voice
2. Passive Voice

উপরিউক্ত দু-প্রকার ছাড়াও Quasi Passive Voice নামেও একপ্রকার Voice রয়েছে। তা আমরা পর্যায়ক্রমে জানবো।

1. Active Voice:

Active Voice এর বাংলা অর্থ হলো, কর্তৃবাচ্য অর্থাৎ কর্তা নিজেই কাজটি করবেন। অতএব, যে বাক্যে কর্তা নিজেই কাজটি শেষ করে তাকে Active Voice বা কর্তৃবাচ্য বলে।

যেমনঃ He drives a car. (সে একটি গাড়ি চালায়।)

এখানে কর্তা হলো He এবং এই He ই গাড়ি চালানোর কাজটি করছে। কাজেই পুরো বাক্যটি হলো Active Voice.

2. Passive Voice:

Passive Voice এর বাংলা অর্থ হলো, কর্মবাচ্য অর্থাৎ কর্তা নিজে কাজটি করে না বরং অন্যের কাজ তার উপরে এসে পড়ে। অতএব, যে বাক্যে কর্তা নিজে নিষ্ক্রিয় থাকে তাকে Passive Voice বা কর্মবাচ্য বলে।

যেমনঃ A car is driven by him. (তার দ্বারা একটি গাড়ি চালানো হয়।)

এখানে দেখা যায় কর্তা নিষ্ক্রিয়, কাজেই পুরো বাক্যটি হলো Passive Voice.

চলো! উদাহরণের মাধ্যমে সহজেই Active ও Passive Voice সম্পর্কে জানা যাক,

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

নিচের উদাহরণ দুটোতে লক্ষ্য করোঃ

1. He plays football. (সে ফুটবল খেলে।)
2. Football is played by him.(তার দ্বারা ফুটবল খেলা হয়।)

প্রথম বাক্যে Subject হলো He
দ্বিতীয় বাক্যে Subject হলো Football
প্রথম বাক্যে Object হলো Football
দ্বিতীয় বাক্যে Object হলো Him [He এর Objective Case]
প্রথম বাক্যে 'Play' verb হলো সক্রিয় অর্থাৎ কর্তা নিজেই খেলছে বোঝায়। দ্বিতীয় বাক্যে 'is played' verb টি হলে নিষ্ক্রিয় অর্থাৎ কর্তার উপরে খেলা করার কাজটি চাপানো হচ্ছে।
এখানে একটি বিষয় খেয়াল করলে দেখবেন, প্রথম বাক্যটিতে Plays এর অর্থ দাঁড়ায় 'সে খেলে' কিন্তু দ্বিতীয় বাক্যে is played এর অর্থ দাঁড়ায় "তার দ্বারা খেলা হয়"। Active ও Passive Voice এর মধ্যে এখানেই মৌলিক পার্থক্য।

কোন Sentence কে **Active** থেকে **Passive** রূপান্তর করার সময় **Object** চেনা ও তার ব্যবহার জানা একটি আবশ্যকীয় ব্যাপার।

Object চেনার উপায় ও ব্যবহারঃ

1. Active Voice এ মূল Verb এর পরে Object থাকে। যেমনঃ Robi reads a book. এখানে, মূল Verb হলো Reads এর পরপরই A book রয়েছে, যা একটি Object.

2. কোন কোন Active Voice এ দুটো Object থাকতে পারে, সেক্ষেত্রে প্রথম Object টিকে Subject ধরে Passive করতে হয়। যেমনঃ
   Active: The teacher teaches us Mathematics.
   Object (1) Object (2)
   Passive: We are taught Mathematics by the teacher.

3. Active Voice এ দুটো Object থাকলে যে Object এর আগে Preposition থাকবে, সেটি Passive Voice এ Subject হিসেবে গ্রহনযোগ্য হবে না। যেমনঃ
   Active: She takes for me a glass of water.
   Preposition Object (1) Object (2)
   Passive: A glass of water is taken for me by her.

Person ব্যবহারের নিয়মঃ

Active Voice কে Passive Voice এ পরিবর্তন করতে হলে Person পরিবর্তনের বিষয়টি জানা আবশ্যক। মূল কথা হলো, Active Voice কে Passive এবং Passive Voice কে Active করার সময় Subjective Case কে Objective Case এবং Objective Case থাকলে তাকে Subjective Case এ পরিবর্তন করতে হয়।
নিচের ছকটি আয়ত্বে রাখলে Person পরিবর্তনের বিষয়টি সহজেই মনে রাখতে পারবেন।

Subjective case	Objective case	Subjective case	Objective case
I	Me	She	Her
We	Us	You	You
They	Them	He	Him

Tense অনুযায়ী Auxiliary Verb এর পরিবর্তিত রূপঃ

Name of Tense	Active Voice	Passive Voice
Present Indefinite	V1	am/is/are+v3
Present Continuous	am/is/are+v1+ing	am/is/are+being+v3
Present Perfect	has/have+v3	has/have+been+v3
Present Perfect Continuous	has/have been+v1+ing	has/have been+being+v3
Past Indefinite	v2	was/were+v3
Past Continuous	was/were+v1+ing	was/were+being+v3
Past Perfect	had+v3	had+been+v3
Past Perfect Continuous	had been+v1+ing	had been+being+v3
Future Indefinite	will+v1	will+be+v3
Future Continuous	will+be+v1+ing	will+be+being+v3
Future Perfect	will have+v3	will have+been+v3
Future Perfect Continuous	will have been+v1+ing	will have been+being+v3

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

Active Voice কে Passive এ পরিবর্তন করার প্রাথমিক কিছু মৌলিক নিয়মঃ

০১. Active voice এর Subject টি Passive voice এ Object এ পরিণত হয়।

০২. Active voice এর Object টি Passive voice এ Subject এ পরিণত হয়।

০৩. মূল Verb টি পরিবর্তীত হয়ে সবসময়ই v3 হয় ও Auxiliary verb গুলো Subject ও Tense অনুযায়ী পরিবর্তীত হয়।

০৪. Active voice এর Subject টি Personal pronoun হলে Passive করলে তা পরিবর্তন ঘটে। যেমনঃ He পরিবর্তন হয়ে হয়, Him

০৫. মূল Verb এর v3 এরপর সাধারণত by বসে কিন্তু ব্যবহার অনুসারে to, with, at, in, about ইত্যাদি Preposition ও বসতে পারে।

Voice Change এর প্রাকটিক্যাল সেশন

▶ প্রথমেই আমরা Tense অনুযায়ী Voice এর পরিবর্তন দেখবোঃ

- **Present Indefinite Tense:**
  Structure: Active voice এর Object টিকে Subject+ be verb (am/is/are)+ v3+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
  যেমনঃ
  Active: He produces potatoes.
  Passive: Potatoes are produced by him.

- **Present Continuous Tense:**
  Structure:- Active voice এর Object টিকে Subject + be verb (am/is/are) + being + v3 + Preposition (by/with/to/at/in/on/about) + Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
  যেমনঃ
  Active: Fahim is eating rice.
  Passive: Rice is being eaten by Fahim.

- **Present Perfect Tense:**
  Structure:- Active voice এর Object টিকে Subject+ has/have+ been+ v3+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
  যেমনঃ
  - Active: He has driven a car.
  - Passive: A car has been driven by him.

- **Past Indefinite Tense:**
  Structure: Active voice এর Object টিকে Subject+ be verb (was/were)+ v3+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
  যেমনঃ
  Active: She finished a story.
  Passive: A story was finished by her.

- **Past Continuous Tense:**
  Structure:- Active voice এর Object টিকে Subject+ be verb (was/were)+ being+ v3+ Preposition (by/with/to/at/in/on/about) +Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
  যেমনঃ
  Active: Rocky was playing chess.
  Passive: Chess was being played by Rocky.

- **Past Perfect Tense:**
  Structure:- Active voice এর Object টিকে Subject+ had+ been + v3+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
  যেমনঃ
  - Active: He had driven a car.
  - Passive: A car had been driven by him.

PDFHUBS

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

- **Future Indefinite Tense:**

Structure:- Active voice এর Object টিকে Subject+ be verb (shall/will be)+ v3+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

যেমনঃ

Active: He will do the work.

Passive: The work will be done by him.

- **Future Continuous Tense:**

Structure: Active voice এর Object টিকে Subject+ shall/will be+ being+ v3+ Preposition (by/with/to/at/in/on/about) +Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

যেমনঃ

Active: They will be sending money.

Passive: Money will be being sent by them.

- **Future Perfect Tense:-**

Structure:

Active voice এর Object টিকে Subject+ shall/will have+ been + v3+ Preposition (by/with/to/at/in/on/about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

যেমনঃ

- Active: He will have recited the poem.
- Passive: The poem will have been recited by him.

ইংলিশে দুর্বলদের জন্য
1 to 1 প্রাইভেট কেয়ার!!
01750-853198

▶ **Modal Auxiliary Verb যুক্ত Sentence কে Active থেকে Passive এ রূপান্তর করার নিয়মঃ**

Active এবং Passive অনুযায়ী আলাদা আলাদা অর্থ হয় এবং Verb এর রূপের ও পরিবর্তন হয়। যা নিম্নে দেখানো হলোঃ

Active	Can do	করতে পারি
Passive	Can be done	করতে পারা হয়
Active	Could do	করতে পারতাম
Passive	Could be done	করা হতে পারতো
Active	May do	করতে পারি
Passive	May be done	করতে পারা হয়
Active	Might do	করতে পারতাম
Passive	Might be done	করা হতে পারতো
Active	Should do	করা উচিত (স্বাভাবিভাবে)
Passive	Should be done	করা উচিত (স্বাভাবিভাবে)
Active	Ought to do	করা উচিত (বাধ্যবাধকতা বোঝাতে)
Passive	Ought to be done	করা উচিত (বাধ্যবাধকতা বোঝাতে)
Active	Would do	করতাম
Passive	Would be done	করা হতো
Active	Used to do	করতাম (অভ্যাস)
Passive	Used to be done	করা হতো (অভ্যাস)
Active	Must do	অবশ্যই করবো
Passive	Must be done	অবশ্যই করা হবে
Active	Dare to do	করার সাহস পাই
Passive	Dare to be done	করার সাহস পাওয়া যায়

PDFHUB

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

Active	Need to do	করা দরকার
Passive	Need to be done	করা দরকার
Active	Able to do	করতে সক্ষম
Passive	Able to be done	করা হতে সক্ষম
Active	Supposed to do	করার কথা
Passive	Supposed to be done	সম্পন্ন করার কথা
Active	Bound to do	করতে বাধ্য
Passive	Bound to be done	করতে বাধ্য
Active	How to do	কিভাবে করতে হয়
Passive	How to be done	কিভাবে করা হয়
Active	To do	করতে
Passive	To be done	করা হতে

1. **Structure:**
   Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন + Modal auxiliary verb (may, might, can, could, will, would, shall, should, must, ought to, going to) + be + v3 + Preposition (by/with/to/at/in/on/about) + Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
   যেমনঃ Active: He must speak English.
   - Passive: English must be spoken by him.

2. **Structure:**
   Be going to এর Passive voice এ going এর কোন পরিবর্তন করতে হয় না।
   Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন +be verb +going to +be +v3 +by +Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।

যেমনঃ
- Active: She is going to start a new business.
- Passive: A new business is going to be started by her.

3. **Structure:**
   Am to/ is to/ are to/ have to/ has to ইত্যাদি Modal auxiliary কে Passive voice এ পরিবর্তন করার নিয়মঃ-
   Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন+ (am to/ is to/ are to/ have to/ has to) +be +v3 +by +Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
   যেমনঃ
   - Active: I have to do it.
   - Passive: It has to be done by me.

▶ Imperative Sentence কে Active থেকে Passive এ রূপান্তর করার নিয়মঃ

1. **Structure:**
   Do not দিয়ে শুরু হওয়া Imperative Sentence কে Active থেকে Passive করতে হলে Do not এর পরিবর্তে Let not বসে।
   Let not+ Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন+ be+ V3.
   যেমনঃ
   - Active: Do not do this work.
   - Passive: Let not this work be done.

2. **Structure:**
   Main verb দিয়ে শুরু হওয়া Imperative Sentence কে Active থেকে Passive করতে হলে প্রথমেই Let বসে।
   Let + Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন+ be+ V3.
   যেমনঃ
   - Active: Do it.
   - Passive: Let it be done.

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

3. **Structure:**
বাক্যের শুরুতে Let +ব্যক্তিবাচক Objcet যেমন:- me, us, you, them, her, him যুক্ত Active voice কে Passive করার নিয়ম।
Let+ Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন+ be+ V3+ Preposition (by/ with /to /at /in /on /about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন।
যেমনঃ Active: Let him do the work.
- Passive: Let the work be done by him.

4. **Structure:**
বাক্যের শুরুতে Never যুক্ত Active voice কে Passive করার নিয়ম।
Let + never + Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন+ be+ V3.
যেমনঃ Active: Never tell a lie.
- Passive: Let never a lie be told.

▶ Interrogative Sentence কে Active থেকে Passive এ রূপান্তর করার নিয়মঃ

1. **Structure:**
বাক্যের শুরুতে Auxiliary Verb (am/is/are/was/were/has/have/had) যুক্ত Interrogative Sentence এর Active voice কে Passive করার নিয়ম।
Auxiliary verb +Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন+ Tense অনুযায়ী being/been + V3+ Preposition (by/ with /to /at /in /on / about) + Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন+ Sign of question (?)
যেমনঃ Active: Has he done the work?
- Passive: Has the work been done by him?

Active: Is he reading a book?
Passive: Is a book being read (v3) by him?

[বিঃদ্রঃ উপরিউক্ত নিয়মে Continuous Tense এর ক্ষেত্রে being এবং Perfect Tense এর ক্ষেত্রে been বসিয়ে Passive করতে হবে।]

2. **Structure:**
বাক্যের শুরুতে Who যুক্ত Interrogative Sentence এর Active voice কে Passive করতে হলে Who এর পরিবর্তে By whom বসে।
By whom+ auxiliary verb+ subject+ be+ v3+?
যেমনঃ
- Active: Who will take this?
- Passive: By whom will this be taken?

3. **Structure:**
বাক্যের শুরুতে Whom যুক্ত Interrogative Sentence এর Active voice কে Passive করতে হলে Whom এর পরিবর্তে who বসে।
Who+ Tense অনুযায়ী auxiliary verb+ Active voice এর Object টিকে Subject এ পরিবর্তন + v3+ Preposition (by/ with /to /at /in /on /about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন+ Sign of question(?)
যেমনঃ
- Active: Whom did she kill?
- Passive: Who was killed by her?

4. **Structure:**
বাক্যের শুরুতে What যুক্ত Interrogative Sentence এর Active voice কে Passive করার নিয়ম।
What+ auxiliary verb+ v3+ Preposition (by/ with /to /at /in /on /about)+ Active voice এর Subject টিকে Object এ পরিবর্তন+ Sign of question(?)
যেমনঃ
- Active: What do you play?
- Passive: What is played by you?

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

Lesson: 121

Topic: Conditional Sentence

একটি Complex Sentence তথা জটিল বাক্যে একটি Clause এর কাজ, আরেকটি Clause এর উপর শর্তাধীন থাকে তাকে Conditional Sentence বলে। মনে রাখতে হবে যে, একটি Conditional Sentence এ দুটো খণ্ডবাক্য থাকে এবং এর একটি If clause, অন্যটি Main clause. If যুক্ত Clause টি 'শর্ত' বোঝাতে এবং Main clause টি সেই শর্তের প্রেক্ষাপট, ফলাফল কিংবা পরিণাম বোঝাতে ব্যবহৃত হয়। Conditional Sentence চার প্রকার। যেমনঃ

01. Zero Conditional
02. First Conditional
03. Second Conditional
04. Third Conditional

❖ **Conditional গঠনের সহজ নিয়মঃ**

Type of Conditional	If clause(tense)	Main clause(tense)
Zero conditional	Present indefinite	Present indefinite
First conditional	Present indefinite	Future indefinite
Second conditional	Past indefinite	Present conditional/ present continuous conditional
Third conditional	Past perfect	Perfect conditional/ perfect continuous conditional
Mixed conditional	Past perfect/simple past	Present conditional/ perfect conditional

বিশেষ দ্রষ্টব্যঃ

Present conditional মানে হলোঃ Subject+ would+ v1.

Present continuous conditional মানে হলোঃ Subject+ would +be + v1+ing.

Perfect conditional মানে হলোঃ Subject+ would+ have+ v3.

Perfect continuous conditional মানে হলোঃ Subject+ would+ have+ been+ v1+ ing.

Zero Conditional:

সাধারণ সত্য বোঝাতে Zero conditional ব্যবহৃত হয় এবং এতে If/when উভয়ই ব্যবহৃত হয় কিন্তু তাতে Sentence এর অর্থে কোন পরিবর্তন হয় না।

Structure: If/when+ present indefinite+ present indefinite.

Example:

If he touches a fire, he burns his hand.

If it rains, the grass gets wet.

When you freeze water, it becomes solid.

First Conditional:

এই ধরণের Conditional Sentence গুলো Possible condition এবং তার সম্ভাব্য ফলাফল নির্দেশ করে। If/when যুক্ত Clause টি Present indefinite tense হবে।

Structure: If/when+ present indefinite+ future indefinite.
Or, Future indefinite+ if/when+ present indefinite.

Example:

If I have a blue car, I myself will drive it.

If he runs in the sun, he will be sick rapidly.

If you read book daily, you will know many things about life.

Second Conditional:

এই ধরণের Conditional Sentence গুলো Hypothetical condition এবং তার সম্ভাব্য ফলাফল নির্দেশ করে। If/when যুক্ত Clause টি Past indefinite tense হবে এবং Main clause টি Present conditional বা Present continuous conditional হবে।

Structure: If/when+ past indefinite+ present conditional/present continuous conditional.
Or, present conditional/present continuous conditional + if/when+ past indefinite.

Example:

If I were prime minister, I would ensure people's equality.

If he ran in the sun, he would be sick.

If you read book daily, you will be being knowledgeable.

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

Third Conditional:

এই ধরণের Conditional Sentence গুলো Unreal past condition প্রকাশ করে এবং তার সম্ভাব্য অতীত ফলাফল নির্দেশ করে। If/when যুক্ত Clause টি Past perfect tense হবে এবং Main clause টি Perfect conditional বা Perfect continuous conditional হবে।

Structure: If/when+ past perfect+ perfect conditional/perfect continuous conditional.
Or, perfect conditional/perfect continuous conditional + if/when+ past perfect.

Example:

If/when you had worked harder; you would have got extra money.
If it had rained cats & dogs, he would have been taking umbrella.
If he had read book, he would have been gathering knowledge.

Mixed Conditional:

এই প্রকার Conditional Sentence গুলোতে If clause টি বর্তমান কালের সম্ভাব্য ফলাফল নির্দেশ করে। If/when যুক্ত Clause টি Past indefinite/ Past perfect tense হবে এবং Main clause টি Present conditional বা Perfect conditional হবে।

Structure: If/ when+ Past indefinite/Past perfect tense +Present conditional/ Perfect conditional.
Or, Present conditional/ Perfect conditional+ If/ when+ Past indefinite/ Past perfect tense

Example:

If/when I had worked harder at school, I would have a better job.
When he had walked in the morning, he would have fitted his body.
Riya would have finished her work when she was free.

Lesson: 122

Topic: Right form of Verb.

ইংরেজি বাক্যে Tense, voice, mood, person ও number অনুযায়ী Verb এর যে পরিবর্তনগুলো সাধিত হয়, তা-ই হলো Right form of Verb. নিচে Right form of Verb এর গুরুত্বপূর্ণ কিছু নিয়ম আলোকপাত করা হলো:

01. Universal truth ও Habitual fact অর্থাৎ চিরন্তন সত্য ও অভ্যাসগত কাজ বোঝালে সেটি Present Indefinite Tense হয়।
যেমন: **He prays five times in a day. [Habitual fact]**
The sun rises in the east. [Universal truth]

02. Present Indefinite Tense এ Subject 3rd person singular number হলে, Verb এর শেষে s/es যোগ করতে হয়। যেমন:-
Rana goes to market.
মনে রাখুনঃ
✓ Past, Future এর সকল Tense এবং কোন Continuous tense এ verb এর সাথে s/es যুক্ত হবে না।
✓ Modal এর সাথেও s/es যোগ হবে না।

** Present indefinite tense-এর বাক্যের Subject third person ও Singular number হলেও বাক্যটি যদি Negative এবং Interrogative হয় তাহলে তাতে does not ব্যবহৃত হয় এবং তখন Verb এর সাথে s/es যোগ হয় না।
যেমনঃ He does not go to school. (Negative sentence)
Does he go? (Interrogative sentence)

03. Present indefinite tense এর বাক্যের Subject third person ও Singular number হলেও বাক্যটি যদি Negative হয় তাহলে তাতে does not ব্যবহৃত হয় এবং তখন verb এর সাথে s/es যোগ হবে না।
যেমন: She **lives** at Mirpur in Dhaka. (Positive sentence)
She does not **live** at Mirpur in Dhaka. (Negative sentence)

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

04. Once, twice, thrice, four times, five times.....এগুলো থাকলে সে বাক্যটি Indefinite Tense এ হবে। যেমন:
He reads thrice in a day.
I saw him four times.

05. বক্তা বা লেখকের কোন অংশকে উদ্ধৃতি হিসেবে দেখাতে Present Indefinite Tense ব্যবহৃত হয়। যেমন: **Charles Dickens says in his novel 'great expectation' , 'Charity begins at home & justice begins from next door'.**

06. পূর্ব নির্ধারিত ঘটনা যেটি ঘটবার মত তাকে বোঝাতে Present Tense ব্যবহৃত হয়।
যেমন: **The president Abdul Hamid is coming to convocation of Dhaka University next month On Sunday.**

07. Just, Already, Yet, Just now, Ever, Never, Lately, Recently, So far, Up to now, Up to present এগুলো বাক্যে উল্লেখ থাকলে, সে বাক্যটি Present Perfect Tense হবে। যেমন:
Riya has opened an e-mail account just now.

08. অতীতকালের সাধারণ ঘটনা উল্লেখ করতে Past Indefinite Tense ব্যবহৃত হয়।
যেমন: **He started job in 2001.**

09. নিচের Adverb গুলো বাক্যে থাকলে তা সাধারণত Past Indefinite Tense হিসেবে বিবেচিত হবে।
Previous day, Ago, Last day, Before, Last week, Yesterday, Last century, The day before, Long since, Long ago, Last month, Last night. যেমন: **I called you last day.**

10. নিম্নোক্ত Verb গুলোর Continuous tense হয় না।
See, like, believe, prefer, love, smell ইত্যাদি।
যেমন: I see a bird.

11. ভবিষ্যতে কোন কাজ সাধারণভাবে সংগঠিত হবে বোঝাতে Future Indefinite Tense ব্যবহৃত হয়।
যেমন: **He will learn English.**

12. নিচের Adverb গুলো কোন বাক্যে থাকলে তা Future Indefinite Tense হয়। Next day, Next week, Next month, Tomorrow, Next year, Next century.
যেমন: **He will go to U.K next month.**

13. Do, does, did দিয়ে Interrogative sentence বাক্য শুরু হলে Verb টি সবসময় Present form বা V1 হবে। যেমনঃ
Does he take picture?
Did she finish the work?

14. বাক্যে A number থাকলে Verb টি Plural এবং The number থাকলে Verb টি Singular হবে। যেমনঃ
A number of people are preset to this meeting.

15. Passive voice এ Verb এর Past Participle (v3) এর আগে সবসময়ই Be verb বসবে।
যেমন: **Rice is eaten by me.**
It was driven by Diya.

16. While এরপরে Verb থাকলে সেটির সাথে ing যোগ হয় কিন্তু While এরপর Subject থাকলে এর অংশটি Past Continuous Tense হয়।
যেমন: **While doing the work, he called me.**
While he was walking, I was busy with an important works.

17. Simple Sentence এ দুটো Verb থাকলে পরবর্তী Verb এর সাথে ing যোগ হয় অথবা Infinitive করতে হয়। যেমন: **I saw the boy running on the road.**
I wanted to help him.

18. Had rather, would better, let, need not, do not, does not, did, never এদের পরে সবসময় Verb এর Present form বসে।
যেমন: **I would rather enjoy the party.**
Let him go.
He does not know how to type the letter.

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

19. Would you mind, mind, Do you mind, Couldn't help, Can't help এর পরে Verb এর সাথে ing যোগ হয়।
যেমন: **Would you mind taking this bag?**

20. With a view to, look forward to, get used to, (be) used to এর পরে সবসময় Verb এর সাথে ing যোগ হয়।
যেমন: **He is looking forward to joining in a company.**
I am used to walking in the morning.

21. One of, Each of, Either of, Neither of, None of, Every of, Any of ইত্যাদি থাকলে Verb এর Singular form ব্যবহৃত হয় এবং Person টি Plural হয়।
যেমন:
One of the most powerful leaders was died.
Each of the students is attentive.

22. বাক্যে Admit, Appreciate, Enjoy, Keep, Mention, Miss, Quite, Stop, Mind, Like, Dislike, Avoid, Suggest, Deny, Confess, Finish, Start, Recommand, Risk, Stand, Recall থাকলে এরপরে Verb এর সাথে ing যোগ হবে। যেমনঃ
Stop running! Otherwise you will be tired.
I like travelling.
Avoid negative thinking.

23. Now, at this moment থাকলে সেটি Present Continuous Tense হবে। যেমন: **They are playing at this moment.**
Now, I am reading English Therapy Book

24. It is time, it is high time, wish, fancy যুক্ত Clause টি Past Indefinite Tense এ হয়। যেমন: **I wish I was king.**

25. Adjective এর আগে The বসলে Subject টি Plural হয় এবং সে অনুযায়ী Verb বসে। যেমন: **The poor lead their lives in low standard.**

26. একই দৈর্ঘ্য, পরিমাণ, স্থান, দূরত্ব, সময়, ওজন বা অঙ্কের এককের ক্ষেত্রে Subject দেখতে Plural হলেও Verb Singular হয়।
যেমন: **250 miles is a long way from Dhaka.**

27. Optative sentence এ verb এর Present form বা v1 হয়।
যেমনঃ
May Allah help you.
May he be happy.

28. How to, need to, ought to, in order to, prefer to, infinitive 'to', have to, has to, had to এগুলোর পরে Verb টি base form (v1) হবে। যেমনঃ **She entered into the room in order to join the English class.**

29. Uncountable noun যেমন: Oxygen, Air, Water, Milk, Smoke ইত্যাদির পরে Singular Verb বসে। যেমন:- **Water is essential for every creation in the world.**

30. প্রদত্ত অনুচ্ছেদটি যদি কোন দুর্ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ, স্মৃতিময় ঘটনা, বনভোজন কিংবা নির্দিষ্ট সময়ের কোন ঘটনাকে বোঝায় তবে তা Past Indefinite Tense এ হবে এবং অনুচ্ছেদের মূল verb টি v2 বা verb এর Past form হবে। যেমনঃ
Once upon a time, there was a tiger in the forest..... (অতীতের ঘটনা)
A massive road crash was happened at Mirpur 10 in Dhaka city last day. (দুর্ঘটনা)
Cyclone Amphan attacked in the southern area of Bangladesh destructively. (প্রাকৃতিক দুর্যোগ)
We went to an enjoyable picnic spot last month.....We had a lot of fun there. (বনভোজন)
Bangladesh was a part of Indian subcontinent before 1947. (নির্দিষ্ট সময়ের ঘটনা) ইত্যাদি।

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

31. As soon as দিয়ে বাক্য শুরু হলে First sentence টি যে Tense হবে, পরের Sentence টি ও একই Tense অনুযায়ী হবে। যেমনঃ
As soon as the boy entered into the room, the mother called him.

32. To ছাড়া সকল Preposition এর পরে Verb আসলে ing যুক্ত করতে হবে। যেমন: **After going to Dhaka, I will take a job.**
He went there after getting meal.

33. Sentence এর শুরুতে If/Would that/Had থাকে তাহলে Subject এর পর Could বসে এবং এরপর Verb এর Present form বসে। যেমন: **Would that you could be a brilliant student in future.**

34. As well as, Along with, Together with, In addition to, Accompanied by থাকলে ১ম Subject অনুযায়ী Verb টি বসবে। যেমনঃ **He as well as his brothers is a student.**

35. বাক্যের মধ্যে All of , Both of থাকলে Verb টি Plural হবে। যেমনঃ **All of my students are busy today.**

36. বই বা দেশের নাম দেখতে Plural হলেও তাদের পরে Singular Verb হবে। যেমন: **Physics is my favorite subject.**
The United States is a powerful country in the world.

37. একটির বেশি Subject যদি and দিয়ে যুক্ত হয়, তখন verb টি Plural হবে। যেমনঃ **He and you were going to school.**

38. গুণবাচক দুটি শব্দ and দিয়ে যুক্ত থাকলে এবং প্রথমটির আগে যদি Article হিসেবে the বসে তবে verb টি Singular হয়। কেননা তখন একজনকেই নির্দেশ করে। যেমনঃ
The headmaster and chairman of the union is an honest person.
The founder & chief instructor of English Therapy is a writer.

39. গুণবাচক দুটি শব্দ and দিয়ে যুক্ত থাকলে এবং দুটোর আগেই যদি Article হিসেবে the বসে তবে verb টি Plural হয়। কেননা তখন দুজন আলাদা ব্যক্তিকে নির্দেশ করে। যেমনঃ
The headmaster and the chairman of the union are honest men.

40. The number of এর পর Verb টি Singular হয়। যেমনঃ
The number of boy is present here.

41. Uncountable বা গণনা করা যায় না এমন শব্দের পরে Verb টি Singular হবে। যেমন: **Pure drinking water is essential for mankind.**

42. Can't but = v1 কিন্তু, Can't help = Verb+ing হয়। যেমনঃ
He can't but join the exam. (Can't but = v1 হয়েছে)
He can't help playing. [Can't help + (verb+ing) হয়েছে]

43. নিচের Adverb গুলো বাক্যে থাকলে Present Indefinite Tense হয়। Adverb গুলো হলো: Every day, Hardly, Normally, Occasionally, Regularly, Usually, At times, Seldom, sometimes, Daily, Frequently, Every time, Often, Always. যেমন: **Rafa always plays game.**

44. Advise, order, request, pray, command, urge, invite প্রভৃতির পরে ২য় Verb টির আগে to বসে। যেমনঃ
The advisor requests me to take part in my work.

45. Having এর পরে মূল Verb এর Past Participle Form হবে। যেমন: **Having done the work, I will go to mosque.**

46. See, watch, feel, find, hear, smell এরপর Object থাকলে, সেই Object এর পরের Verb টির সাথে ing যোগ হয়। যেমনঃ
Rana watches cartoons improving his English.

for more books visit: https://pdfhubs.com

for more books visit: https://pdfhubs.com

47. Continuous tense এ সর্বদা verb এর সাথে Ing যুক্ত হয়। যেমনঃ
He is playing.
She was cooking.
Rafi will be doing the work.

48. Relative pronoun এর আগের Person অনুযায়ী পরের Verb পরিবর্তন হবে। যেমনঃ **He is I who was a student of English Therapy.**

49. নিম্নলিখিত Modals Auxiliary Verb গুলোর পর Verb (1) বসে।
Am to, is to, Are to, was to, were to, have to, has to, will have to, ought to, used to, (be) able to, (be) going to, (be) about to. যেমনঃ **I am able to do the work.**
Note: be মানে am/is/are/was/were.

50. দুইয়ের অধিক Pronoun/Subject যদি and দিয়ে যুক্ত হয় তাহলে হলে Verb টি Plural হবে।
যেমনঃ **You, she & I are jogging at park.**

51. Let এরপর Verb এর Present form বা v1 হয়। যেমনঃ
Let him go.

52. Enough এর আগে Adjective থাকলে এরপরের verb টি Infinitive হবে। যেমনঃ **He is poor enough to get help from rich people.**

- আমাদের পরবর্তী বই ইংলিশে দুর্বলদের জন্য "**English Grammar**" এ আরোও বিস্তারিত আলোচনা করা হয়েছে।
- গ্রামারকে সহজ ও সাবলীলভাবে উপস্থাপন করা হয়েছে এই বইটিতে। যে কোন বয়সের ও শ্রেণির ব্যক্তি এই বইটি নিজে নিজেই পড়ে বুঝতে পারবেন, ইনশাআল্লাহ!
- গ্রামারের ভীতি দূর করতে এই একটি বই-ই যথেষ্ট।

Lesson: 123

Topic: Common Mistakes in English

01. একটি নির্দিষ্ট স্থান বোঝাতে Scene বসে কিন্তু একটি দেশের সামগ্রীক সৌন্দর্যের বর্ণনা করতে Scenery বসে। যেমনঃ
Wrong: The scene of Bangladesh is beautiful.
Correct: The scenery of Bangladesh is beautiful.

02. Happy, satisfied, disgusted ইত্যাদির পরে Preposition হিসেবে with বসে। যেমনঃ Wrong: I am happy to you.
Correct: I am happy with you.

03. Listen ও Hear এর অর্থগত ভিন্নতা রয়েছে। Listen অর্থ কোনকিছু মনোযোগসহ শ্রবণ করা কিন্তু, Hear অর্থ কোনকিছু শ্রবণ করা। যেমনঃ-
Wrong: I am hearing teacher's presentation.
Correct: I am listening teacher's presentation.

